রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ২৬, ২০১৬

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৩ মাঘ, ১৪২২/২৬ জানুয়ারি, ২০১৬

নিম্নলিখিত বিলটি ১৩ মাঘ, ১৪২২/২৬ জানুয়ারি, ২০১৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

### বা. জা. স. বিল নং ০৮/২০১৬

### Defence Services Laws Amendment Ordinance, 1978 রহিতক্রমে প্রতিরক্ষা কর্মবিভাগ সংক্রান্ত কতিপয় আইন অধিকতর সংশোধনের উদ্দেশ্যে আনীত বিল

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন), অতঃপর পঞ্চদশ সংশোধনী বলিয়া উল্লিখিত, দ্বারা ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারীকৃত অধ্যাদেশসমূহ, অতঃপর "উক্ত অধ্যাদেশসমূহ" বলিয়া উল্লিখিত, অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ৩ক এবং ১৮ অনুচ্ছেদ বিলুপ্ত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং-১০৪৪-১০৪৫/২০০৯ এ সুপ্রীমকোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ার ফলশ্রুতিতেও উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহ ও উহাদের অধীন প্রণীত বিধি, প্রবিধান, উপ-আইন, ইত্যাদি প্রজাতন্ত্রের কর্মের ধারাবাহিকতা, আইনের শাসন, জনগণের অর্জিত অধিকার সংরক্ষণ এবং বহাল ও অক্ষুণ্ন রাখিবার নিমিত্ত, জনস্বার্থে, উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা প্রদান করা আবশ্যক; এবং


মূল্য ঃ টাকা ১২.০০

যেহেতু দীর্ঘ সময় পূর্বে জারীকৃত উক্ত অধ্যাদেশসমূহ যাচাই-বাছাইপূর্বক যথাসময়ে নূতনভাবে আইন প্রণয়ন করা সময় সাপেক্ষ; এবং

যেহেতু পঞ্চদশ সংশোধনী এবং সুপ্রীম-কোর্টের আপীল বিভাগের প্রদত্ত রায়ের প্রেক্ষিতে সৃষ্ট আইনী শূন্যতা সমাধানকল্পে সংসদ অধিবেশনে না থাকাবস্থায় আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান ছিল বলিয়া রাষ্ট্রপতির নিকট প্রতীয়মান হওয়ায় তিনি ২১ জানুয়ারি, ২০১৩ তারিখে ২০১৩ সনের ২নং অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিয়াছেন; এবং

যেহেতু সংবিধানের ৯৩(২) অনুচ্ছেদের নির্দেশনা পূরণকল্পে, উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখিবার স্বার্থে ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ (২০১৩ সনের ৬নং আইন) প্রণীত হইয়াছে; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া যে সকল অধ্যাদেশ আবশ্যক বিবেচিত হইবে সেইগুলি সকল স্টেক-হোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে বাংলায় নূতন আইন প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু সরকারের উপরি-বর্ণিত সিদ্ধান্তের আলোকে Defence Services Laws Amendment Ordinance, 1978 রহিতক্রমে প্রতিরক্ষা কর্মবিভাগ সংক্রান্ত কতিপয় আইন অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন প্রতিরক্ষা কর্মবিভাগ (কতিপয় আইন সংশোধন) আইন, ২০১৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **Act No. XXIV of 1950 এর সংশোধন**।—Navy (Extension of Service) Act, 1950 (Act No. XXIV of 1950) এর—

(ক) সর্বত্র, এই দফায় সংশোধনের দ্বারা ভিন্নরূপ কিছু করা না হইলে, "Pakistan" শব্দের পরিবর্তে "Bangladesh" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) section 1 এর sub-section (1) এর "Pakistan" শব্দ বিলুপ্ত হইবে;

(গ) section 2 এর "Central Government" শব্দগুলির পরিবর্তে "Government" শব্দ প্রতিস্থাপিত হইবে; এবং

(ঘ) section 3 বিলুপ্ত হইবে।

৩। **Act No. XLVII of 1950 এর সংশোধন।**—Army and Air Force Reserves Act, 1950 (Act No. XLVII of 1950) এর—

(ক) সর্বত্র, এই দফায় সংশোধন দ্বারা ভিন্নরূপ কিছু করা না হইলে,—

(অ) "Pakistan" শব্দের পরিবর্তে "Bangladesh" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(আ) "Central Government" শব্দগুলির পরিবর্তে "Government" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) section 1 এ "Pakistan (Army and Air Force)" শব্দগুলি ও বন্ধনীর পরিবর্তে "Army and Air Force" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) section 4 এর—

(অ) "Indian Army Act, 1911 or the Pakistan" শব্দগুলি, কমা এবং সংখ্যাগুলি বিলুপ্ত হইবে; এবং

(আ) "Indian Air Force Act, 1932 or the Pakistan" শব্দগুলি, কমা এবং সংখ্যাগুলি বিলুপ্ত হইবে; এবং

(ঘ) section 7 এর পরিবর্তে নিম্নরূপ section 7 প্রতিস্থাপিত হইবে; যথা:—

"7. **Power to make regulations.**—The Government may make regulations for all or any of the purposes of this Act, other than those specified in section 6."।

৪। **Act No. XXXIX of 1952 এর সংশোধন।**—Army Act, 1952 (Act No. XXXIX of 1952) এর—

(ক) সর্বত্র, এই দফার সংশোধন দ্বারা ভিন্নরূপ কিছু করা না হইলে—

(অ) "Pakistan" শব্দের পরিবর্তে "Bangladesh" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(আ) "Pakistan Navy Ordinance, 1961" এর শব্দগুলি, কমা এবং সংখ্যাগুলির পরিবর্তে "Navy Ordinance, 1961" শব্দগুলি, কমা এবং সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(ই) "Pakistan Air Force Act, 1953" শব্দগুলি, কমা এবং সংখ্যাগুলির পরিবর্তে "Air Force Act, 1953" শব্দগুলি, কমা ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঈ) "the Indian Air Force Act, 1932, or" শব্দগুলি, কমাগুলি এবং সংখ্যাগুলি বিলুপ্ত হইবে;

(উ) "rupees" শব্দের পরিবর্তে "Taka" শব্দ প্রতিস্থাপিত হইবে; এবং

(ঊ) "Central Government" শব্দগুলির পরিবর্তে "Government" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) section 1 এর sub-section (1)-এর "Pakistan" শব্দ বিলুপ্ত হইবে;

(গ) section 2 এর sub-section (1) এর clause (b) এর "Indian" শব্দ বিলুপ্ত হইবে;

(ঘ) section 3 এর sub-section (2) এর "inferior" শব্দের পরিবর্তে "lower" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(ঙ) section 4 এর proviso এর "inferior" শব্দের পরিবর্তে "lower" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(চ) section 6 বিলুপ্ত হইবে;

(ছ) section 8 এর clause (17) এর "Pakistan Penal Code" শব্দগুলির পরিবর্তে "Penal Code" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(জ) section 15A বিলুপ্ত হইবে;

(ঝ) section 19 এ উল্লিখিত "English" শব্দের পরিবর্তে "Bangla" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(ঞ) section 23 এর sub-section (1) এর "officers by whom" শব্দগুলির পরিবর্তে "officers, junior commissioned officers or non-commissioned officers by whom" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;

(ট) sections-57 ও 58 এর "before in this Act specified" শব্দগুলি, যেখানেই উল্লিখিত হউক না কেন, এর পরিবর্তে "specified in this Act" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঠ) sections-114 এবং 117 এর "service of the Government" শব্দগুলির পরিবর্তে "service of the Republic" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ড) section 172 এর "Pakistan (Army and Air Force) Reserves Act, 1950," শব্দগুলি, কমাগুলি এবং সংখ্যাগুলির পরিবর্তে "Army and Air Force Reserves Act, 1950," শব্দগুলি, কমাগুলি এবং সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঢ) sections 177, 178 ও 179 বিলুপ্ত হইবে; এবং

(ণ) THE SCHEDULE বিলুপ্ত হইবে।

৫। **Act No. XLVI of 1952 এর সংশোধন।**—Air Force (Extension of Service) Act, 1952 (Act No. XLVI of 1952) এর—

(ক) সর্বত্র, এই দফার সংশোধনের দ্বারা ভিন্নরূপ কিছু করা না হইলে, "Pakistan" শব্দের পরিবর্তে "Bangladesh" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) section 1 এর sub-section (1)-এর "Pakistan" শব্দ বিলুপ্ত হইবে; এবং

(গ) section 2 এর—

(অ) "Central Government" শব্দগুলির পরিবর্তে "Government" শব্দ প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) "Indian Air Force Act, 1932 or the Pakistan" শব্দগুলি, কমা এবং সংখ্যাগুলি বিলুপ্ত হইবে।

৬। **Act No. VI of 1953 এর সংশোধন।**—Air Force Act, 1953 (Act No. VI of 1953) এর—

(ক) সর্বত্র, এই দফার সংশোধনের দ্বারা ভিন্নরূপ কিছু করা না হইলে,—

(অ) "Pakistan" শব্দের পরিবর্তে "Bangladesh" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(আ) "Central Government" শব্দগুলির পরিবর্তে "Government" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(ই) "Pakistan Penal Code" শব্দগুলির পরিবর্তে "Penal Code" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঈ) "rupees" শব্দের পরিবর্তে "Taka" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) section 1 এর sub-section (1)-এর "Pakistan" শব্দ বিলুপ্ত হইবে;

(গ) section 2 এর—

(অ) clause (a) এর "officers and" শব্দগুলির পরিবর্তে "officers, master warrant officers and" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;

(আ) clause (b) এর "Indian" শব্দ বিলুপ্ত হইবে;

(ই) clause (c) এর "Pakistan (Army and Air Force) Reserves Act, 1950" শব্দগুলি, বন্ধনীগুলি, কমা এবং সংখ্যাগুলির পরিবর্তে "Army and Air Force Reserves Act, 1950" প্রতিস্থাপিত হইবে; এবং

(ঈ) clause (e) তে, দুইবার উল্লিখিত, এর "Pakistan" শব্দ বিলুপ্ত হইবে;

(ঘ) section 4 এর—

(অ) clause (iv) এর "Warrant officer" শব্দগুলির পরিবর্তে "master warrant officers, warrant officers" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;

(আ) clause (viii) এর "or a warrant officers" শব্দগুলির পরিবর্তে "or a master warrant officer or a warrant officer" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ই) clause (xix) বিলুপ্ত হইবে;

(ঈ) clause (xx) এর পর নিম্নরূপ নতুন clause (xxa) সন্নিবেশিত হইবে, যথা:—

"(xxa) "master warrant officer" means a person commissioned, gazetted or in pay as a master warrant officer of the Air Force and includes and acting master warrant officer, and a master warrant officer of the Bangladesh Air Force Volunteer Reserve who is for the time being subject to this Act;";

(ড) clause (xxiv) **এবং** clause (xxix) এ "warrant officer" শব্দগুলির পরিবর্তে "master warrant officer, warrant officer" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;

(ঢ) clause (xxx) এর "warrant officers" শব্দগুলির পরিবর্তে "master warrant officers, warrant officers" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;

(ঙ) section 6 এর—

(অ) "officers," শব্দ ও কমার পরে "master warrant officers," শব্দগুলি ও কমা সন্নিবেশিত হইবে; এবং

(আ) sub-section (2) এর "inferior" শব্দের পরিবর্তে "lower" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(চ) section 7 এর sub-section (2) এর "inferior" শব্দের পরিবর্তে "lower" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(ছ) section 11 এর "warrant officer" শব্দগুলির পরিবর্তে "master warrant officer or a warrant officer" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(জ) section 12 এর পরিবর্তে নিম্নরূপ section 12 প্রতিস্থাপিত হইবে; যথাঃ—

"12. **Ineligibility of alions for enrolment.**—No person who is not a citizen of Bangladesh shall, except with the consent of the Government signified in writing, be granted a Commission or junior commission or be enrolled in the Air Force.";

(ঝ) section 26 এর—

(অ) sub-section (1) এর "Warrant officer" শব্দগুলির পরিবর্তে "Master warrant officer or warrant officer" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) sub-section (2) এর "aggrieved" শব্দের পর "master warrant officer or" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(ঞ) section 45 এর "Any officer or" শব্দগুলির পর "master warrant officer or" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(ট) sections 47 ও 61 এর "Any officer," শব্দগুলি ও কমার পর "master warrant officer," শব্দগুলি ও কমা সন্নিবেশিত হইবে;

(ঠ) section 73 এর clause (g) ও (i) এর "officers," শব্দ ও কমার পর "master warrant officers," শব্দগুলি ও কমা সন্নিবেশিত হইবে;

(ড) section 76 এর "officer or a" শব্দগুলির পর "master warrant officer or a" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(ঢ) section 82 এর "warrant officer" শব্দগুলির পরিবর্তে "master warrant officer or warrant officer" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ণ) section 107 এর sub-section (4) এর, দুইবার উল্লিখিত "Pakistan" শব্দ বিলুপ্ত হইবে;

(ত) section 118 এর "warrant officer" শব্দগুলির পরিবর্তে "master warrant officer or warrant officer" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(থ) section 134 এর দুইবার উল্লিখিত, "High Court" শব্দগুলির পরিবর্তে "High Court Division" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(দ) section 138 এর "service of the Government" শব্দগুলির পরিবর্তে "service of the Republic" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ধ) section 140 এর sub-section (2) এর "warrant officers" শব্দগুলির পরিবর্তে "master warrant officers or warrant officers" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ন) section 141 এর sub-section (1) এর "service of the Government" শব্দগুলির পরিবর্তে "service of the Republic" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(প) section 147 এর "that Government" শব্দগুলির পরিবর্তে "the Government" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ফ) section 189 এর "officer or" শব্দগুলির পর "master warrant officer or" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(ব) section 191 এর "warrant officer" শব্দগুলির পরিবর্তে "master warrant officer or warrant officer" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ভ) section 192 এর "and warrant officers" শব্দগুলির পরিবর্তে "master warrant officers and warrant officers" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ম) sections 193, 195, 196, 198, 199 এবং 200 এর "warrant officer" শব্দুগলি, যেখানেই উল্লিখিত হউক না কেন, এর পরিবর্তে "master warrant officer or warrant officer" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(য) sections 204, 205 এবং 206 বিলুপ্ত হইবে।

৭। **Ordinance No. XXXV of 1961 এর সংশোধন**।—Navy Ordinance, 1961 (XXXV of 1961) এর section 53 এর "High Court" শব্দগুলির পরিবর্তে "High Court Division" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত।**—(১) Defence Services Laws Amendment Ordinance, 1978 (Ordinance No. XVIII of 1978); অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত Ordinance এর অধীন কৃত সকল কাজকর্ম ও গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

---

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৭৫ সালের ১৫ আগস্ট হতে ১৯৭৯ সালের ০৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত অধ্যাদেশসমূহ অনুমোদন ও সমর্থন (ratification and confirmation) সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ১৮ অনুচ্ছেদ বিলুপ্ত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহ কার্যকারিতা হারিয়েছে। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাভুক্ত The Defence Services Laws Amendment Ordinance, 1978 (Ordinance No. XVIII of 1978) অধ্যাদেশটি উক্ত সময়ের মধ্যে জারি করা হয়েছিল।

২। উল্লিখিত অধ্যাদেশটি দ্বারা বিদ্যমান Navy (Extension of Service) Act 1950, Army and Air Force Reserves Act 1950, Army Act 1952, Air Force (Extension of Service) Act 1952, Air Force Act 1953, Navy Ordinance 1961-এ সময় সময়, কতিপয় সংশোধন সাধন করা হয়েছিল।

৩। অধ্যাদেশটির অধীন বিধানসমূহের কার্যকারিতা জনস্বার্থে বহাল ও অক্ষুণ্ন রাখার লক্ষ্যে নতুন আইন প্রণয়ন করা প্রয়োজন। এ লক্ষ্যে প্রতিরক্ষা কর্মবিভাগ (কতিপয় আইন সংশোধন) শীর্ষক একটি আইন প্রণয়ন করা হয়েছে। উল্লেখ্য যে, কার্যকারিতা হারানো অধ্যাদেশটির স্থলে এ সংক্রান্ত নতুন আইনের খসড়া বিল মন্ত্রিসভা সদয় নীতিগত অনুমোদন করেছে। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ বিলটি ভেটিং করেছে।

৪। এক্ষণে প্রতিরক্ষা কর্মবিভাগ (কতিপয় আইন সংশোধন) আইন, ২০১৬ শীর্ষক বিলটি মহান সংসদে বিবেচনার জন্য উপস্থাপন করছি।

**সৈয়দ আশরাফুল ইসলাম**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ড. মোঃ আবদুর রব হাওলাদার**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd